# বাংলাদেশ কৃষি ব্যাংক

## প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

## ক্রেডিট বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি/৩(৪১)/২০২১-২০২২/ ১৮০(১২৫০) — তারিখঃ ০৩.০৮.২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৯.০৭.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ এবং ২৫ জুন ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সূত্রোস্থ সার্কুলার অনুযায়ী ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানের অনুকূলে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার সর্বোচ্চ ৩০% পর্যন্ত ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা নির্ধারিত ছিল। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩/২০২০ মোতাবেক ঋণ/বিনিয়োগের প্রাপ্যতার সমপরিমাণ অর্থ কোন গ্রাহকের অনুকূলে এক বছরে প্রদান করা সম্ভবপর না হলে অবশিষ্ট প্রাপ্য অর্থ প্যাকেজের অবশিষ্ট মেয়াদের মধ্যে প্রদানের সুযোগ দেয়া হয়।

০৩। এক্ষণে, আলোচ্য প্রণোদনা প্যাকেজ যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে যে, যেসকল প্রতিষ্ঠান আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে ইতোমধ্যে প্রথম মেয়াদে অর্থাৎ ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সময়ে ঋণ/বিনিয়োগ এর আংশিক সুবিধা প্রাপ্ত হয়েছেন, সেসকল প্রতিষ্ঠানের অনুকূলে ১ জুলাই ২০২১ তারিখ হতে তাদের প্রাপ্যতার অবশিষ্ট অর্থ ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদানের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার উপর ভিত্তি করে প্রাপ্যতা নির্ধারিত হবে।

০৪। যেসকল প্রতিষ্ঠান আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে প্রথম মেয়াদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্ত হয়নি, সেসকল প্রতিষ্ঠানের অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছর এবং তদ্পরবর্তীতে নতুনভাবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার ভিত্তিতে প্রাপ্যতা নির্ধারিত হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২৯.০৭.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, সার্কুলারের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৩/০৮/২১

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম )
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি/৩(৪১)/২০২১-২০২২/ ১৮০(১২৫০) — তারিখঃ ০৩.০৮.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

০৩/০৮/২০২১

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪০

২৯ জুলাই ২০২১
তারিখঃ ----------------
১৪ শ্রাবণ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে**
**সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ এবং ২৫ জুন ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোস্থ সার্কুলার অনুযায়ী ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানের অনুকূলে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার সর্বোচ্চ ৩০% পর্যন্ত ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা নির্ধারিত ছিল। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩/২০২০ মোতাবেক ঋণ/বিনিয়োগের প্রাপ্যতার সমপরিমাণ অর্থ কোন গ্রাহকের অনুকূলে এক বছরে প্রদান করা সম্ভবপর না হলে অবশিষ্ট প্রাপ্য অর্থ প্যাকেজের অবশিষ্ট মেয়াদের মধ্যে প্রদানের সুযোগ দেয়া হয়।

০৩। এক্ষণে, আলোচ্য প্রণোদনা প্যাকেজ যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, যেসকল প্রতিষ্ঠান আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে ইতোমধ্যে প্রথম মেয়াদে অর্থাৎ ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সময়ে ঋণ/বিনিয়োগ এর আংশিক সুবিধা প্রাপ্ত হয়েছেন, সেসকল প্রতিষ্ঠানের অনুকূলে ১ জুলাই ২০২১ তারিখ হতে তাদের প্রাপ্যতার অবশিষ্ট অর্থ ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদানের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার উপর ভিত্তি করে প্রাপ্যতা নির্ধারিত হবে।

০৪। যেসকল প্রতিষ্ঠান আলোচ্য প্রণোদনা প্যাকেজ হতে প্রথম মেয়াদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্ত হয়নি, সেসকল প্রতিষ্ঠানের অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছর এবং তদ্‌পরবর্তীতে নতুনভাবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার ভিত্তিতে প্রাপ্যতা নির্ধারিত হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২